উলুবেড়িয়ায় কংগ্রেসের বৈঠক

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : রবিবার হাওড়ার উলুবেড়িয়া ১১ ফটকে জেলা কংগ্রেসের ডাকে এক বিশেষ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ১৪টি বিধানসভা কেন্দ্রের ও ১৪টি ব্লক ও ২ পুরসভার কংগ্রেসের নেতৃত্বকে নিয়ে উলুবেড়িয়ার উপনির্বাচন ও নির্বাচনী সংগঠন, প্রার্থী সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়েছে। উলুবেড়িয়ার কংগ্রেসের প্রার্থী চূড়ান্ত করতে ২ জনকে দায়িত্ব দেওয়া হয়। তাঁরা হলেন আমতার বিধায়ক অসিত বরণ মিত্র ও জেলা কংগ্রেসের সভাপতি পলাশ ভাণ্ডারিকে

জাগৃতি সংঘের উদ্যোগে সাংস্কৃতিক উৎসব

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : জাগৃতি সংঘের উদ্যোগে চারদিন ব্যাপী সাংস্কৃতিক উৎসব শেষ হল। সংগীত, আবৃত্তি, নৃত্য প্রতিযোগিতা যেমন ছিল সেরকম শিশুদের বসে আঁকো প্রতিযোগিতারও আয়োজন করা হয়েছিল। সাংস্কৃতিক উৎসবের উদ্বোধন অনুষ্ঠান ছিল একটু আলাদা। তিনজন বিশেষ চাহিদাসম্পন্ন শিশু কিশোরদের সম্বর্ধনার মাধ্যমে চারদিনের সাংস্কৃতিক উৎসবের সূচনা হয়। জাগৃতি সংঘের এক সদস্য সুব্রত পানিগ্রাহী এই প্রতিবেদককে আরও জানান বিশেষ চাহিদা সম্পন্নরা এখনও পিছিয়ে। যদিও বহু ক্ষেত্রে এরা নিজেদের পরিশ্রম এবং লড়াইয়ে জায়গা করে নিয়েছে। আজকে এই অনুষ্ঠানের মাধ্যমে সম্পকে একটাই বার্তা দেওয়ার সুযোগ পেলে বা সুযোগ করে দিলে এরাও সমাজের একজন হয়ে উঠতে পারবে।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

7						1	6	3
	1		9	8				
	2	3	6			5		
9			8	3			2	1
	6		2		4		7	
8	4			9	1			5
		5			9	2	8	
				7	5		1	
6	9	4						7

গতকালের সমাধান

8	4	1	3	6	5	7	9	2
7	3	6	2	9	4	8	1	5
5	2	9	1	8	7	6	3	4
2	8	5	6	7	1	3	4	9
6	9	7	4	3	2	1	5	8
4	1	3	8	5	9	2	6	7
1	7	2	5	4	3	9	8	6
3	5	8	9	2	6	4	7	1
9	6	4	7	1	8	5	2	3

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

আবহাওয়া

পূর্বাভাস: সোমবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩০ ডিগ্রি ও ১৯ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৭০ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।৪৭, **সূর্যাস্ত:** ঘ ৪।৫৩ **জোয়ার:** সকাল ৮:৪৫। **ভাটা:** বিকেল ৩:২০।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ও পর বর্তায়না।

- সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR/1 USD	: 64.0468
INR/1 Euro	: 76.1516
INR/100 Jap. YEN	: 58.5100
INR/1 Pound Sterling	: 82.9662

শেয়ার সূচক

BSE 31,702.25▲ (-189.98)
NIFTY 9,912.85▲ (-61.55)

শব্দলিপি- ১০৭১



সুদর্শকান্তি দাশ

পাশাপাশি ঃ ১। আরবিজাত ৫। পুকুর ৬। দোকানদার ৫। পুকুর ৬। দোকানদার ৭। তাঁতের যন্ত্রাশ ৯। নীলপদ্ম ১০। মলত্যাগ ১২। নুপুর ১৩। ধুকধুকি

উপরনীচ ঃ ১। স্থান ২। বিয়োগ ৩। কাঠঠোকরা পাখি ৪। কৌতুকে চম্পট দেওয়া ৬। অস্পষ্টভাবে স্বীকার বা অস্বীকার ৮। সমুদ্রাদি ৯। ছটফট করা ১১। ভদ্রলোকের খেলা

সমাধান ঃ শব্দলিপি - ১০৭০

পাশাপাশি ঃ ১। অশনবসন ৪। সমর্থ ৫। কমলিনী ৭। সজনি ৮। লসিত ১০। সলাবর ১২। বাইচ ১৩। জমিয়াসমাজ

উপরনীচ ঃ ১। অর্থ বিনিয়োগ ২। নায়ক ৩। নলিনী ৪। সম্রাস ৬। মতলববাজ ৯। তরাচ ১০। সমক্ষ ১১। রজস

আবাসিকদের বনভোজন

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া শীতের দিনে বনভোজনে এবার আবাসিকরা। সাধারণত সকল মানুষই এই সময় বনভোজন করেন।

কিন্তু যাদের কেউ নেই তাদের আবার কী বনভোজন? কিন্তু হাওড়া জেলার শ্যামপুর থানার মাধবপুরে দামোদর নদের তীরে সেই আবাসিকদের নিয়ে জোরদার বনভোজন হল। গ্রামীণ এলাকায় ভাল ঠান্ডা অনুভব হচ্ছে।

এই শীতের সময়ে বহু ভ্রমণপিপাসু মানুষ সপরিবারে ও সবান্ধবে ছুটি নিয়ে দেশ বিদেশের মাটিতে পাড়ি দিয়ে আনন্দ উপভোগ করেন।

সমাজে এমন বহু মানুষ আছেন যাদের নুন আন্তে পান্তা ফুরোয়। আর যারা বিশেষ চাহিদা সম্পন্ন তাদের কথা আলাদা, তাঁরা আরও অসহায়। এমন কিছু প্রতিষ্ঠান আছে যারা এই সকল ছেলেমেয়ে কচিকাঁচাদের নিয়ে নিরলসভাবে কাজ করে যাচ্ছে তাদের মধ্যে অন্যতম হল শ্যামপুর থানার মাধবপুরে আইকড।

সেখানকার আবাসিকরা বনভোজন করল। দিনের শেষে সামান্য আনন্দ উপভোগ করল তারাও।

ভাগ্যলিপি

মেষ
আজ গুরুত্বপূর্ণ কাজ দ্রুত শেষ করার চেষ্টা করুন।

বৃষ
পরিস্থিতি অযথা কঠিন করে তুলবেন না। সমস্যা দ্রুত সমাধানের চেষ্টা করুন তাতে সাফল্য আসবে।

মিথুন
সন্ধ্যোর পর অযথা ঝামেলাই জড়িয়ে পড়তে পারেন।

কর্কট
আপনি মনে করছেন, যে ইতিবাচক দিকে এগোতে পারছেন, বাস্তবে তা নাও হতে পারে।

সিংহ
আজ বিভিন্ন দিক থেকে ভালো খবর পাবেন। সহকর্মিরা আপানাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে।

কন্যা
যোগাযোগ ক্ষেত্রের সঙ্গে যুক্ত কর্মীদের সাফল্য আসবে। মানুষ আপনার উপর আস্থা প্রকাশ করবে।

তুলা
নতুন নতুন ভাবনা আজ আপনার মাথায় আসতে তাকে বাস্তবায়িত করার চেষ্টা করুন।

বৃশ্চিক
আপনার সহ কর্মীরা আপনাকে সাহায্যের হাত বাড়িয়ে দেবে ফলে অনেক লাভবান হবেন আপনি।

ধনু
হতাশ হবেনা এগিয়ে চলার চেষ্টা করুন, সাফল্য আসতে দেরিহতে পারে।

মকর
খরচ বৃদ্ধি পাবে, পরিকল্পানা অনুসারে এগিয়ে গেলে সাফল্য আসবে।

কুম্ভ
আপনার স্বপ্নসফল হবে আপনার ব্যবসায়ে পরিকল্পনায় সফল হতে পারে। সুনাম বৃদ্ধি পাবে।

মীন
গণেশ বলছেন, মেধা এবং উর্ধকর্ষতা বৃদ্ধি পাবে।

জাতীয় সড়কের সম্প্রসারণে বাড়ছে মাদক পাচার

নিজস্ব সংবাদদাতা, উলুবেড়িয়া : সমপ্রতি ৬ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারণের কাজ চলছে। জাতীয় সড়ক সম্প্রসারণের ফলে এক দিকে যেমন পরিবহণ ব্যবস্থায় গতি এসেছে অন্যদিকে তেমনি বেড়েছে অপরাধ প্রবণতা। পুলিশ সূত্র অনুযায়ী হাইওয়ে এবং নদীর কাছাকাছি এলাকা অপরাধ প্রবণ হয়ে ওঠে। দ্রুত একস্থানে অপরাধ করে অন্যত্র পালিয়ে যাওয়া কিংবা দুর্গমতার সুযোগ নেয় অপরাধীরা। কিন্তু জাতীয় সড়কের উপর দিয়ে চলা কলকাতা হয়ে ভিন্ন রাজ্যে পালিয়ে যাওয়া অপরাধীরা ট্রেনপথ না ধরে বাসে চেপে যাতায়াত করছে। এই তথ্য পুলিশের কাছে আসার পর থেকেই নড়েচড়ে বসেছে পুলিশ। গত দু'দিনে ওড়িশা-বাবুঘাটের রুটের বাস চেপে বিপুল পরিমাণ নিষিদ্ধ মাদক হাসিস নিয়ে আসার ঘটনাও ঘটেছে। যদিও পুলিশ, নারকোটিক বিভাগ ও আয়কর বিভাগ এই ত্রয়ের চেষ্টায় উদ্ধার করা সম্ভব হয়েছে সেই হাসিস। পুলিশ এক মহিলাকে গ্রেফতারও করেছে। এছাড়া টাটা চারচাকা গাড়ির ডিকিতে করে বিপুল পরিমাণ গাঁজা ওড়িশা থেকে কলকাতায় আনার সময় ২ যুবককে গ্রেফতার করে সিআইডি। পরপর দু'দিন এই ধরনের ঘটনায় তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে হাওড়া জুড়ে। আর এই দুটিই হয়েছে হাওড়ার সাঁকরাইল থানার ৬ নম্বর সড়কের উপর ধুলাগড় টোল ট্যাক্সে।

ওয়াকিবহাল মহলের অভিমত পাচারের ক্ষেত্রে সাধারণ গাড়ি ব্যবহার করা হয়। কিন্তু বাস কিংবা যাত্রীবাহী গাড়িতে মাদক পাচার হওয়ায় চক্ষু চড়কগাছ পুলিশ ও গোয়েন্দাদের। শুধু তাই নয় মাদক পাচার কারিদের সঙ্গে দূর পাল্লার বাসকর্মীদের যোগসাজোশের বিষয়টিও মাথায় রাখছে পুলিশ ও গোয়েন্দারা।

পুলিশের একাংশের অভিমত, যাত্রীবাহী বাসগুলিতে সাধারণ যাত্রীদের হয়রানির অভিযোগ এড়াতে তল্লাশিতে কিছু শিথিলতা দেখাতেই হয়। আর এই সুযোগটাই নেয় পাচারকারীরা। যেমন হাসিসের ক্ষেত্রে নিয়েছিল ওই মহিলা।

সুনির্দিষ্ট তথ্য নিয়েই গ্রেফতার করা হয়েছে মহিলাকে। রাতের জাতীয় সড়ক মাদক পাচারের রুট হয়ে উঠেছে ক্রমশ, এব্যাপারে হাওড়া গ্রামীণ পুলিশের এস.পি জানান, টোল প্লাজাগুলিতে আরও কড়া নজরদারি চালানো হচ্ছে। বাড়ানো হয়েছে পেট্রোলিংয়ের সময় ও গতি।

লিলুয়ায় শিশু উদ্ধার

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : লিলুয়া বড় গেটের সামনে জিটি রোডের ধার থেকে দু'দিনের শিশুপুত্র উদ্ধার। কে বা কারা প্লাস্টিকে মুড়ে শিশুটিকে ওখানে ফেলে গেছে বলে মনে করা হচ্ছে।

স্থানীয় পুরপিতা খবর পেয়ে নিজে ঘটনাস্থলে যান, খবর দেন বেলুড় থানায়। শিশুটিকে উদ্ধার করে জয়সোয়াল হাসপাতালে নিয়ে গেলে ভর্তি করে চিকিৎসা শুরু হয় শিশুটির। শিশুটি এখন সুস্থ বলে হাসপাতালে সূত্রে খবর।

পুলিশ ফেলে যাওয়া ব্যক্তির খোঁজ করছে।

উলুবেড়িয়া লোকসভা উপনির্বাচনের প্রাক্কালে চলছে দেওয়াল লিখন।

গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগ এক সিআরপিএফ জওয়ানের বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা, অশোকনগর : গাছ কাটা নিয়ে ঝামেলার জেরে প্রতিবেশীর ঘরে ঢুকে মদ্যপ অবস্থায় মারধর, ভাঙচুর এক গৃহবধূকে শ্লীলতাহানি করার অভিযোগ উঠল এক সিআরপিএফ জওয়ানের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে উত্তর ২৪ পরগনা জেলার অশোকনগরের এজি কলোনি এলাকায়। স্থানীয় সূত্রে জানা যায়, এজি কলোনির বাসিন্দা প্রদীপ সরকার ও তার প্রতিবেশী পেশায় সিআরপিএফ জওয়ান সন্তু সরকারের মধ্যে একটি জমি নিয়ে দীর্ঘদিন ধরে বিবাদ চলছিল বলে অভিযোগ। স্থানীয় সূত্রে জানা যায়, সেই বিবাদের জেরে শনিবার রাত সাড়ে আটটা নাগাদ সন্তু সরকার মদ্যপ অবস্থায় তার চার বন্ধুকে নিয়ে প্রদীপ সরকারের বাড়িতে আসে এবং তাকে মারধর করার পাশাপাশি গাড়িও ভাঙচুর করে বলেও জানা যায়। স্বামীকে মারধরের সময় প্রদীপ সরকারের স্ত্রী মালা সরকার বাধা দিতে গেলে তাকেও তারা মারধর ও শ্লীলতাহানি করে বলে অভিযোগ। তার পরনের নাইটিও ছিঁড়ে দেওয়া হয়। মারধর করা হয় তাদের ছোট ছেলেকেও। প্রায় ৩০ মিনিট ধরে পেশায় সিআরপিএফ জওয়ান সন্তু সরকার ও তার দলবল এই তাণ্ডব চালায় বলে অভিযোগ। এই ঘটনায় আহত প্রদীপ সরকারকে প্রথমে অশোকনগর হাসপাতাল ও পরে কলকাতা মেডিক্যাল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এই ঘটনায় প্রদীপ সরকারের পরিবারের তরফে অশোকনগর থানায় অভিযোগও দায়ের করা হয়। অভিযোগের পর থেকেই পলাতক অভিযুক্তরা।

ঝুলন্ত অবস্থায় উদ্ধার হল এক কিশোরের দেহ

নিজস্ব সংবাদদাতা, নোদাখালি : নিজের ঘর থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার হল এক কিশোরের দেহ। পরিবারের অনুমান, প্রেমে প্রত্যাখ্যাত হয়ে আত্মহত্যা করেছে ওই কিশোর। অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করেছে নোদাখালি থানার পুলিশ।

রবিবার সকালে ঘটনাটি ঘটেছে দক্ষিণ ২৪ পরগনার নোদাখালি এলাকায়। বিষ্ণুপুর থানার বাখরাহাট হাইস্কুলের ক্লাস ইলেভেনের ছাত্র রনিত দাস (১৫)। মা, বাবা ছাড়া এক দাদা রয়েছে রণিতের পরিবারে। বেশ হাসিখুশি স্বভাবের ছিল। সঙ্গে মেধাবীও।

মৃতের এক আত্মীয় সৈকত বিশ্বাস বলেন, রনিত ছোটবেলা থেকেই খুব মেধাবী। তাকে কেন্দ্র করে কখনও কোনও সমস্যা তৈরি হয়নি বাড়িতে। বন্ধুদের সঙ্গে হাসিখুশি ভাবে ঘুরে বেড়াত সে। শনিবার রাতে মেলা থেকে ফেরার পরও সবার সঙ্গে স্বাভাবিক আচরণ করে।

কারও মনে তাকে নিয়ে কোনও সন্দেহ জাগেনি। ঘরের দরজা বন্ধ করে ফোনে কারও সঙ্গে সে কথা বলছিল শনিবার রাতে। তবে সেটা কার সঙ্গে কথা বলছিল তা জানা যায়নি।

এবিষয়ে রনিতের দাদা মিন্টু রায় বলেন, অন্যান্য দিনের তুলনায় রবিবার খুব সকালে ঘুম থেকে ওঠে ভাই রনিত। বাইরে কিছুক্ষণ ঘুরে আসার পর ঘরে ঢুকে দরজা বন্ধ করে দেয়। ছেলের এমন অদ্ভুত আচরণে সন্দেহ হয় বাবা-মায়ের।

ডাকাডাকি করে সাড়া না পেয়ে প্রতিবেশীদের ডেকে দরজা ভাঙা হয়। ভিতরে ঢুকে দেখতে পান পাখার সঙ্গে নাইলনের দড়ির ফাঁস লাগিয়ে ঝুলছে ছেলে। সঙ্গে সঙ্গে তাকে উদ্ধার করে স্থানীয় মুচিহা গ্রামীণ হাসপাতালের নিয়ে যাওয়া হয়। সেখানে তাকে মৃত বলে ঘোষণা করা হয়।

পরিবারের লোকজন মনে করছেন, প্রেমঘটিত কারণেই আত্মঘাতী হয়েছে রনিত।

ঘুড়ির মরশুমে দেদার বিকোচ্ছে চিনা সুতো

নিজস্ব সংবাদদাতা, উলুবেড়িয়া : আমন ধান গৃহস্থের ঘরে উঠে গিয়েছে। এখন ফাঁকা মাঠে। শীতের মরশুমে ফাঁকা মাঠে ঘুড়ি খেলার চল এখনও রয়েছে গ্রাম বাংলায়। শীতের দুপুরে মাঞ্জা সুতা দিয়ে আকাশের বুকে লাল, নীল, সবুজ ঘুড়ি ওড়ানোর মজা এখনও বজায় রয়েছে। কোথা কোথাও কাটাকুটি খেলায় ঘুড়িকে গোঁতা খাওয়ানো, বাঁচ দেওয়া সবই রয়েছে। কিন্তু আগের ঘুড়ির সিজনে কাচের গুঁড়ো ও আঠা মিশিয়ে মাঞ্জা দেওয়ার চল গিয়েছে উঠে। কয়েক বছর আগেও গ্রামের কিশোরা এখান ওখান থেকে ইনজেকশনের শিশি কিংবা টিউব লাইটের টুকরো জোগাড় করে তা গুঁড়িয়ে ছেঁকে সুতোয় মিশিয়ে তা দিয়ে মাঞ্জা সুতো তৈরি করত। অনেক সময় বড়রা ও সাহায্য করত এই কাজে কিন্তু এখন দিন গিয়েছে বদলে। আকাশে কাগজের ঘুড়ির জায়গা দখল করেছে কাঁ চকচকে প্লাসটিক কোটেড ঘুড়ি। তেমনি সুতোর জায়গা দখল করেছে চিন থেকে আসা নাইলন সুতো। যা বাজারে চিনা সুতো নামে পরিচিত। জানা গিয়েছে, ভোঁকাট্টা ঘুড়ির খেলায় এই সুতো কাটে না। তাই ঘুড়ি প্রেমীদের কাছে বেড়েছে কদর। কিন্তু সিল্কের তৈরি এই সুতো তারের মতো কাজ করে। সুতো থেকে চোখ সরালেই বিপদ। যখন তখন যে কোনও স্থান কেটে যেতে পারে ব্লেড-ক্ষিপ্রতায়। এমনকী এই সুতোর বেশ কয়েকটি তড়িৎ পরিবাহী, কিছুদিন আগেই নিষিদ্ধ করা হয়েছে এই সুতো। শহরাঞ্চল নাইনের কড়াকড়ি থাকায় এই সুতোর ব্যবহার কমলেও হাওড়ার গ্রামাঞ্চলের দোকানগুলিতে দেদার বিকোচ্ছে এই সুতো। সময়ও পকেট সাশ্রয়ী এই ঘুড়ির সুতো নিজেদের অজান্তে কিনছে কিশোররা। ফলে যে কোনও ধরনের বড়সড় বিপদ ঘটার আশঙ্কা করছে ওয়াকিবহাল মহল। হাওড়ার গ্রামীণ এলাকার বাগনান, উলুবেড়িয়া, জগৎবল্লভপুর, সাঁকরাইল, শ্যামপুর, উদয়নারায়ণপুর সহ সর্বত্রই এই চিনা সুতো বিক্রি হচ্ছে। বিষয়টি নিয়ে হাওড়ার (গ্রামীণ) পুলিশ সুপার জানান, সুনির্দিষ্ট কোনও অভিযোগ না থাকায় ব্যবস্থা নেওয়া যায় না। তবে নজর রাখা হচ্ছে। পাশাপাশি এব্যাপারে অভিভাবকদের ও সচেতন হতে হবে বলেও জানান তিনি।

আনন্দের ঘুড়ি ওড়াতে গিয়ে সস্তা ও চটকদারীর জন্য কোমলমতি কিশোরেরা বিপদ হাতে করে ঘুরছে একথা তাই বলাই বাহুল্য।

পুস্তক বিতরণ দিবস

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার উলুবেড়িয়া থানার সবিতা ভক্তা প্রাথমিক বিদ্যালয়ের শতাধিক ছাত্রী ও ছাত্রদের পাঠ্যপুস্তক বিতরণ করা হবে এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের সহ শিক্ষক ও শিক্ষিকা অভিভাবক রাও স্মরণীয় অনুষ্ঠানে অংশ নেবেন। জানিয়েছেন বিশিষ্ট সমাজ সংগঠক ও শিক্ষক স্বপন চেটেল। তিনি জানান, আগামী ২ জানুয়ারি এই স্মরণীয় অনুষ্ঠানকে কেন্দ্র করে প্রস্তুতি চলছে জোরকদমে।

বাগনানে অঙ্কন প্রতিযোগিতা

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়া জেলার বাগনান হাইস্কুলে ৭ জানুয়ারি বেলা ১০টায় বাগনান স্কেচ ক্লাবের সহযোগিতায় ও মেদিনীপুর আর্ট ও একাডেমির পরিচালনায় যেমন খুশি আঁকতে পারি প্রতিযোগিতা ২০১৮ অনুষ্ঠিত হবে। বিচারকদের আসন অলংকৃত করবেন প্রতিভাধর শিল্পী সমীর আইচ, গৌরাঙ্গ কুইলা ও পদ্মশ্রী বিমানবিহারী দাস প্রমুখ শিল্পী।

মদ্যপানের প্রতিবাদে আক্রান্ত তৃণমূল কাউন্সিলর

নিজস্ব সংবাদদাতা, বারাকপুর : মদ্যপানে প্রতিবাদ করায় কয়েকজন যুবকের হাতে আক্রান্ত হলেন খড়দার এক তৃণমূল কাউন্সিলর। নাম অনিমেষ মুখার্জি। পাশাপাশি আরও চারজন তৃণমূল কর্মীর উপরও হামলাকারীরা আক্রমণ চালায় বলে অভিযোগ। তাঁরা হলেন গৌতম গোস্বামী, শেখ ফিরোজ, মলিনা অধিকারী ও সৌরভ কুণ্ডু। অনিমেষবাবু জানিয়েছেন, এলাকায় রয়েছে জনার্দন ক্লাব। দীর্ঘদিন ধরে সেখানে মদের আসর বসে। শনিবার সাড়ে ৮টা নাগাদ সেখানে মদ্যপান করছিলেন কয়েকজন যুবক। সেসময় নিজেদের মধ্যে বচসা শুরু হয়। খবর পেয়ে তিনি ওই ক্লাবে পৌঁছান এবং বচসা থামিয়ে পরিস্থিতি সামাল দেন। এরপর তিনি পিডি মোড়ের পার্টি অফিসে চলে আসেন। কর্মীদের সঙ্গে দলীয় অনুষ্ঠান করা নিয়ে বৈঠক করছিলেন।

অভিযোগ, প্রায় সাড়ে ন'টা নাগাদ চন্দন রায় ও রঞ্জন রায়ের নেতৃত্বে একদল দুষ্কৃতী পার্টি অফিসের ভেতরে ঢুকে হামলা চালায়। পিস্তলের বাঁট দিয়ে অনিমেষবাবুর মাথায় আঘাত করে মাথা ফাটিয়ে দেওয়া হয়। সেখানে থাকা মহিলা কর্মী সহ আরও চারজনের উপর দুষ্কৃতীরা হামলা চালায়।

কাউন্সিলর সহ বাকিদের খড়দার বলরাম হাসপাতালের নিয়ে যাওয়া হয়। অনিমেষবাবুর মাথায় সেলাই করতে হয়। শেখ ফিরোজ ও গৌতম গোস্বামীর চোখে এবং মাথায় গুরুতর আঘাত লাগায় তাঁদের হাসপাতালে ভর্তি করা হয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় খড়দা থানায় পুলিশ।

খড়দা পুরসভার উপ পুরপ্রধান সুকর্ণ বণিক বলেন, দীর্ঘদিন ধরে ওই ক্লাবে বহিরাগতরা আসে এবং মদ্যপান করে। তার প্রতিবাদ করায় আমাদের কাউন্সিলরকে মারধর করা হয়েছে। এই ঘটনায় সঙ্গে বিজেপি ও সিপিআইএম আশ্রিত দুষ্কৃতীরা রয়েছে। যদিও ওই দুটি দল তাদের বিরুদ্ধে ওঠা সমস্ত অভিযোগ অস্বীকার করেছে।

ফুটপাতবাসীদের উপহার বিতরণ

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : আজ সোমবার বছরের প্রথম দিন হাওড়ার শিবপুরের গঙ্গাঘাট এলাকায় ফুটপাতবাসীদের হাতে তুলে দেওয়া হবে উপহার। এর আগে কল্যাণ পল্লী সার্বজনীন দুর্গোৎসব (ইয়ুথ ক্লাবের) তরফ থেকে পুরুলিয়ার দয়ালডি গ্রামের আধিবাসী ও দয়ালডি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের বিনামূল্যে স্বাস্থ্য শিবির, মহিলাদের নিয়ে ক্যান্সার সচেতনতা শিবির এবং গ্রামবাসীদের শীতের কম্বল ও ছাত্রছাত্রীদের শীতের বস্ত্র উপহার হিসাবে প্রদান করা হয়। ২০১৮ সালের প্রথম দিনটি এই ক্লাবের তরফ থেকে শিবপুর গঙ্গাঘাটের সামনে থাকা দুস্থ ছেলেমেয়েদের নতুন বস্ত্র ও কেক, বিস্কুট, ফল ইত্যাদি দিয়ে নতুন বছরের প্রথমদিন পালন করতে চলেছেন তাঁরা।

CHANGE OF NAME

I, Mohammad Talat Bari S/O Mohammed Abdul Bari Khan R/O 7/2B Miajan Ostagar Lane, P.O-Circus Avenue, P.S.Karaya,Kolkata-700017 have changed my name Mohammad Talat Bari Khan to Mohammad Talat Bari as per an affidavit sworn before Notary Public Kolkata on 27.11.2017.